ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১১-৪-৯৬ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ১১-৪-৯৬ ইং বেলা ১২-00 ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

১। ব্রিগেডিয়ার মঞ্জুর আহমদ মোল্লা - সদস্য - অনুপস্থিত
এস ই এম ও
ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

২। ক্যাপ্টেন শহিদুজ্জামান খান (জি) (সিডি), পিএসসি, - সদস্য - উপস্থিত
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

৩। গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি, - সদস্য - উপস্থিত
অধিনায়ক
প্রশাসনিক শাখা
বি এ এফ বেস বাশার
ঢাকা সেনানিবাস।

৪। লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান - সদস্য - উপস্থিত
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

৫। জনাব মোঃ আজিজ খান - সদস্য - উপস্থিত
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

৬। ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ) - সদস্য - অনুপস্থিত
৩২, ডি ও এইচ এস বনানী
ঢাকা সেনানিবাস।

৭। জনাব মোঃ মুযাজ্জেম হোসাইন - সদস্য - উপস্থিত
প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।

৮। জনাব মোঃ আবদুল হক - সেক্রেটারী - উপস্থিত
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<u>প্রস্তাব নং-১ঃ</u> বিগত ০৮-২-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- কার্য বিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল।

<u>প্রস্তাব নং-২ঃ</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জানুয়ারী'৯৬ ও ফেব্রুয়ারী'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

<u>গৃহীত সিদ্ধান্তঃ-</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জানুয়ারী'৯৬ এবং ফেব্রুয়ারী'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

২য় পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৩ঃ** জানুয়ারী'৯৬ ও ফেব্রুয়ারী'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ**- এস এইচ ও, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রেরিত জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়ার পর ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ আরও উন্নত করার পরামর্শ দেওয়া হইল।

**প্রস্তাব নং-৪ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, সিংগাপুর টাইপ কলোনী, এম ই ও এবং সি ই ও'র বাসভবন মেরামত/রক্ষণাবেক্ষণ কাজের বকেয়া বিল পরিশোধ করণ সম্বন্ধে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ। এই প্রসংগে সামরিক ভুমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রনালয়, ঢাকা সেনানিবাস এর পত্র নং-৭/এমএলএনডসি/ঢাকা/২৩৬-২(কন)/৫, তারিখঃ ১৬ কার্তিক, ১৪০২/৩০ অক্টোবর, ১৯৯৫ ইং উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ**- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, সিংগাপুর টাইপ কলোনী, এম ই ও এবং সি ই ও এর বাসভবন মেরামত/রক্ষণাবেক্ষণ কাজের বকেয়া বিল প্রদানের বিষয়ে সামরিক ভুমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রনালয়, ঢাকা সেনানিবাস এর পত্র নং-৭/এমএলএন্ডসি/ঢাকা/২৩৬-২(কন)/৫, তারিখঃ ১৬ কার্তিক, ১৪০২/৩০ অক্টোবর, ১৯৯৫ এর আলোকে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইলঃ

| | | |
|---|---|---|
| (ক) | মেজর মোঃ আবদুর রশীদ আকন্দ,<br>এস এইচ ও, ঢাকা সেনানিবাস। | - আহবায়ক |
| (খ) | সি এম এইচ এস(আর্মি)<br>ঢাকা সেনানিবাস এর একজন প্রতিনিধি | - সদস্য। |

আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত কমিটি ৩০ মে, ১৯৯৬ এর পূর্বে তাহাদের প্রতিবেদন পেশ করিবেন এবং সিদ্ধান্তের জন্য উক্ত প্রতিবেদন পরবর্তী পর্ষদ সভায় পেশ করা হইবে।

**প্রস্তাব নং-৫ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পুরাতন বিদ্যুৎ উপকেন্দ্রটির একটি কক্ষে পোষ্ট অফিস, অপর কক্ষে বাজার কমিটির অফিস এবং বারান্দায় ২(দুই)টি কার্ড ফোন স্থাপন করার প্রস্তাব সহ নূতন বিদ্যুৎ উপকেন্দ্রের ছাদের উপর কর্তব্যরত কর্মচারীদের থাকার জন্য একটি কক্ষ নির্মাণ ও উপকেন্দ্রের সংস্কার/মেরামত করণ বাবদ ১,৩৮,৩০৭.০০ টাকার মূল্যানুমান বিবেচনা ও অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ**- ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পুরাতন বিদ্যুৎ উপকেন্দ্রের একটি কক্ষে পোষ্ট অফিস, অপর কক্ষে বাজার কমিটির অফিস এবং বারান্দায় ২টি কার্ডফোন স্থাপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া নূতন বিদ্যুৎ উপকেন্দ্রের নীচতলার প্রয়োজনীয় সংস্কার/মেরামতের কাজ করণ ও ছাদের উপর কর্তব্যরত কর্মচারীদের থাকার জন্য একটি কক্ষ নির্মাণের নিমিত্তে প্রস্তাবিত ১,৩৮,৩০৭/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৬ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ সিংগাপুর টাইপ কোয়ার্টারের ১৬টি ফ্ল্যাটে পানি সরবরাহের জন্য ৪০০(চারশত) গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ৩টি পানির ট্যাংকি ও আনুসাংগিক ফিটিংস স্থাপনের নিমিত্তে ২৫,৯০২.০০ টাকার মূল্যানুমান বিবেচনা ও অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ**- ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত সিংগাপুর টাইপ কোয়ার্টারের ১৬টি ফ্ল্যাটে পানি সরবরাহের জন্য ৪০০(চারশত) গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন তিনটি পানির ট্যাংক ও আনুসাংগিক ফিটিংস বাবদ প্রস্তাবিত ২৫,৯০২.০০ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৭ঃ** ব্রিগেডিয়ার চৌধুরী আবদুল গাফফার, উপদেষ্টা রেডিওলজিষ্ট, সি এম এইচ, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মৃত লেঃ কর্ণেল ফরিদা বানু চৌধুরী, এ এম সি(অবঃ) এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ৩০-৩-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ**- ব্রিগেডিয়ার চৌধুরী আবদুল গাফফার কর্তৃক তাঁহার স্ত্রী মৃত লেঃ কর্ণেল ফরিদা বানু চৌধুরী, এ এম সি (অবঃ) এর কবর পাকা করার আবেদন সর্বসম্মতিক্রমে মন্জুর করা হইল।

৩য় পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৮ঃ** মেজর জেনারেল সাদিকুর রহমান চৌধুরী(অবঃ), ১২৩, নিউ ডি ও এইচ এস, লেইন নং-৫, মহাখালী ঢাকা সেনানিবাস এর বড় ভাই এবং ক্যাপ্টেন তানভীর রহমান এর পিতা মরহুম এফ আর চৌধুরী এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ০৭-৩-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মেজর জেনারেল সাদিকুর রহমান চৌধুরী(অবঃ) কর্তৃক তাঁহার বড় ভাই মরহুম এফ আর চৌধুরীর কবর পাকা করার আবেদন সর্বসম্মতিক্রমে মঞ্জুর করা হইল।

**প্রস্তাব নং-৯ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের পেনশনের অনুমোদন সংক্রান্ত আবেদন সম্পর্কে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণঃ-

| | | |
|---|---|---|
| (১) | মিসেস রফিকুন নেছা | - সহকারী প্রধান শিক্ষিকা |
| (২) | জনাব মোঃ নুরুল ইসলাম | - সহকারী প্রধান শিক্ষক |
| (৩) | জনাব মোঃ নুরুল ইসলাম | - সহকারী শিক্ষক |
| (৪) | মিসেস শাহীন মাহবুবা আক্তার | - সহকারী শিক্ষিকা |
| (৫) | জনাব মোঃ তাজ উদ্দিন আহমেদ | - সহকারী শিক্ষক |
| (৬) | মিসেস গুলশান আরা খানম | - সহকারী শিক্ষিকা |
| (৭) | মিসেস হাসিনা খান লোহানী | - জুনিয়র শিক্ষিকা |
| (৮) | মিসেস আন্জুমান আরা লিলি | - জুনিয়র শিক্ষিকা |
| (৯) | জনাব মোঃ আবুল হোসেন বেপারী | - ট্যাক্স কালেক্টর |
| (১০) | জনাব মোঃ শাহাব উদ্দিন খান | - কন্জারভেন্সী ক্লার্ক |
| (১১) | জনাব মোঃ মনির হোসেন পাটোয়ারী | - কন্জারভেন্সী সুপারভাইজার |
| (১২) | জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঁইয়া | - স্কুল পিয়ন |
| (১৩) | জনাব মোঃ আব্দুস সামাদ | - চৌকিদার |
| (১৪) | জনাব মোঃ আলমগীর হোসেন | - ঝাড়ুদার |

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রস্তাবিত চৌদ্দজন শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীবৃন্দের পেনশনের আবেদন বিধি মোতাবেক অনুমোদনের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১০ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত বিভিন্ন প্রকল্পের মূল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদন করণ।

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডি ও এইচ এস এলাকার ইষ্টার্ণ রোড, লেইন-২২ লেইন-২১ হইতে ২৩ এর সংযোজন, লেইন-৯, লেইন-১০, প্লট নং-বি/১০৩ হইতে বি/১০৬ পর্যন্ত লেইন কার্পেটিং করণ। | = ৮,৫৫,১৮৬.০০ টাকা | মেসার্স আলী কনষ্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স। | ৬% উর্দ্ধে |
| (২) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় টি এন্ড টি কর্তৃক রোড কাটিং মেরামত করণ। | = ৪৯,৪৩৫.০০ টাকা | মেসার্স মান্নান ব্রাদার্স। | ৬% উর্দ্ধে |
| (৩) | ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জনতা ব্যাংকের সেপ্টিক ট্যাংক ও সকপিট ভাংগিয়া পুনঃ নির্মাণ করণ। | = ৪৯,৬৭৯.৮৮ টাকা | মেসার্স জি এম ট্রেডার্স। | ১২% উর্দ্ধে |
| (৪) | ঢাকা সেনানিবাসস্থ আর আই এস রাস্তায় ওয়াসার ভূ-গর্ভস্থ পানির লাইন পরিবর্তনের জন্য রাস্তার কাটা অংশ এবং রাস্তার দুই পার্শ্বের ড্রেনের ভাংগা দেওয়াল মেরামত করণ। | = ২৩,৮১৭.৬৯ টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | [illegible]% উর্দ্ধে |
| (৫) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকায় পাকা ডাষ্টবিন নির্মাণ করণ। | = ৪৯,৩৮৫.০০ টাকা | মেসার্স এম আর আমিন ব্রাদার্স। | ৮% উর্দ্ধে |

৪র্থ পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| ৬) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের অভ্যন্তরীন রাস্তায় নিরাপত্তা বাতি ও লাইন স্থাপন করণ। | = ৫৮,৭৫৪.০২ টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৭% উর্দ্ধে |
| ৭) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে জরুরীভাবে বাথরুম ফিটিংস বদল ও মেরামত করণের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ। | = ২০,০০০.০০ টাকা | মেসার্স মামুন ব্রাদার্স | ১০% উর্দ্ধে |
| ৮) | এম ই ও অফিস মেরামত ও রক্ষণাবেক্ষণের মূল্যানুমান ও দর অনুমোদন করণ। | = ৪৯,৮০৬.০০ টাকা | মেসার্স শরীফ এন্ড সন্স | ৮.৫% উর্দ্ধে |
| ৯) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় লেইন নং-১ এর ওয়াসা কর্তৃক খননকৃত মাটি পরিবহন করিয়া ৪৯৬ নং প্লটের নীচু জায়গা ভরাট করণ। | = ২৯,০৫৫.০০ টাকা (বাজার দর অনুযায়ী) | মেসার্স আলী কনষ্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স। | |
| ১০) | বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য ৫টি টেবিল ও ৫টি চেয়ার সরবরাহ করণ। | = ১৭,৬২৫.০০ টাকা (বাজার দর অনুযায়ী) | মেসার্স হাতিল কমপ্লেক্স | |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) ৪% উর্দ্ধ দর অনুমোদিত।
(২) ৬% উর্দ্ধ দর অনুমোদিত।
(৩) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।
(৪) ৫% উর্দ্ধ দর অনুমোদিত।
(৫) পরবর্তী সভায় টিনের ঢাকনাসহ ডাষ্টবিন তৈরীর প্রাক্কলন ও টেন্ডার উপস্থাপন করা হউক।
(৬) ৬% উর্দ্ধ দর অনুমোদিত।
(৭) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।
(৮) ৪% উর্দ্ধ দর অনুমোদিত।
(৯) বাজার দর অনুযায়ী ২৯,০৫৫.০০ টাকার উদ্ধৃত দর অনুমোদিত।
(১০) বাজার দর অনুযায়ী ১৭,৬২৫.০০ টাকার উদ্ধৃত দর অনুমোদিত।

প্রস্তাব নং-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নে বর্ণিত প্রকল্পসমূহের কার্যাদেশের সময় বর্ধিত করণঃ

| ক্রমিক নং | কাজের নাম | আবেদনকারী ফার্মের নাম ও তারিখ। | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় রোড নং-১০, সেন্ট্রাল রোডের ৮ নং রোড হইতে ২৭ নং বাড়ীর সম্মুখের রাস্তা প্লট নং-৭২ হইতে ৬৮/সি পর্যন্ত রাস্তা সপ প্লট ১৮ হইতে ২৬ পর্যন্ত রাস্তা ও বাড়ীর নং-৪৯/এ হইতে ৬৪ নং বাড়ীর সম্মুখের রাস্তা এবং অন্যান্য রাস্তায় পটহোলসহ মেরামত ও কার্পেটিং করণ। | মেসার্স মোটকনষ্ট্রাকশনের ১৫-২-৯৬ ইং তারিখের আবেদন। | |
| (২) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে রেল লাইনের পার্শ্ব দিয়া বাউন্ডারী ওয়াল নির্মাণ করণ। | মেসার্স লাকী ট্রেডার্স এর ১১-৩-৯৬ ইং তারিখের আবেদন | |
| (৩) | জোয়ারসাহারা ডি ও এইচ/এস এলাকার পূর্ব দিকের সীমানা প্রাচীর নির্মাণের সময় বর্ধিত করণ। | মেসার্স জেং এন্টারপ্রাইজ ও মেসার্স গাজী এন্ড ব্রাদার্স এর ৩০-৩-৯৬ ইং তারিখের আবেদন। | |

গৃহীত সিদ্ধান্তঃ (১) আবেদন অনুযায়ী সময় বর্ধিত করা হইল।
(২) আবেদন অনুযায়ী সময় বর্ধিত করা হইল।
(৩) আবেদন অনুযায়ী সময় বর্ধিত করা হইল।

৫ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১২: ডি ও এইচ এস জোয়ারসাহারা এলাকার ৫৩১,৫৩১/এ নং প্লটে মাটি ভরাট করণের জন্য ২৮,৫২৩'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ডি ও এইচ এস জোয়ারসাহারা এলাকার ৫৩১,৫৩১/এ নং প্লটে মাটি ভরাট করণের জন্য প্রস্তাবিত ২৮,৫২৩'০০ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১৩: জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার পূর্ব দিকের সীমানা প্রাচীর নির্মাণের জন্য পানি ও নাইট সয়েল অপসারণের জন্য ১,৮৭,৬৮৯'১৫ টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার পূর্ব সীমানায় প্রাচীর নির্মাণের জন্য পানি ও নাইট সয়েল অপসারণের নিমিত্তে পেশকৃত ১,৮৭,৬৮৯'১৫ টাকার সংশোধিত মূল্যানুমানটির সঠিকতা সরেজমিনে যাচাইয়ের দায়িত্ব বোর্ডের সম্মানিত সদস্য ক্যাপ্টেন শহিদুজ্জামান খান(জি), সিডি), পিএসসি, এবং অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার, ঢাকা সেনানিবাস এর প্রতিনিধি স্কোয়াড্রন লিডার হুমায়ুন কবিরকে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হইল। সরেজমিনে যাচাইয়ের প্রতিবেদন পরবর্তী পর্ষদ সভায় অনুমোদনের জন্য পেশ করা হইবে।

প্রস্তাব নং-১৪: জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার বিভিন্ন রাস্তার নাম সম্বলিত সাইন বোর্ড তৈয়ার করণের জন্য ২২,৩২৯'৬৮ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার বিভিন্ন রাস্তার পাকা নাম ফলক তৈরীর মূল্যানুমান প্রস্তুত করিয়া পরবর্তী পর্ষদ সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৫: মহাখালী ডি ও এইচ এস এলাকার ২৭ হইতে ৩১ নং পর্যন্ত রাস্তাসমূহের মেরামতের জন্য ২৭,০৩,৮৮৭'০০ টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মহাখালী ডি ও এইচ এস এলাকার সড়ক নং-২৭,২৮,২৯,৩০ ও ৩১ এর মেরামত ও কার্পেটিং কাজের ২৭,০৩,৮৮৭'০০ টাকার সংশোধিত মূল্যানুমানটি সরেজমিনে পরীক্ষার জন্য নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হইল:

(ক) প্রেসিডেন্ট
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মনোনীত একজন জি ই, - আহবায়ক

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য
গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি, এর
প্রতিনিধি স্কোয়াড্রন লীডার হুমায়ুন কবির - সদস্য

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য
লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান
সি এম ই এস(আর্মি) এর একজন প্রতিনিধি - সদস্য

আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, উপরোক্ত কমিটি তাহাদের প্রতিবেদন আগামী ৩০-৫-৯৬ ইং তারিখের মধ্যে পরবর্তী সিদ্ধান্তের জন্য পেশ করিবেন।

প্রস্তাব নং-১৬: ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সাত্তার বাজারের পিছনে টয়লেট নির্মাণের জন্য ২২,২৭৭'৫৫ টাকার মূল্যানুমান বিবেচনা ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সাত্তার বাজারের পিছনে দোকানদারদের ব্যবহারের জন্য একটি টয়লেট নির্মাণের প্রস্তাবিত ২২,২৭৭'৫৫ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১৭: বিএসএস-৬৩৫ মেজর সুলতান আহমদ, আর্টিলারী, সেনা সদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ১৭-৩-৯৬ ইং তারিখের আবেদন বিবেচনা করা ও এতদ্বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিএসএস-৬৩৫ মেজর সুলতান আহমদ, সেনাসদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের আবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, তাঁহার নামে বরাদ্দকৃত ডি ও এইচ এস জোয়ারসাহারার ২৭১ নং প্লটটি পূর্বদিকের সম্মুখস্থ রাস্তা বরাবর দৈর্ঘ্য ৭২ ফুট ও প্রস্থ ৫০ ফুট। ফলে তিনি রাস্তার দিকে নির্মিতব্য বাড়ী ফেসিং করিয়া বিধি মোতাবেক সম্মুখে ৫ ফুট, পিছনে ৮ফুট ছাড়িলে ৫০-(৫+৮) = ৩৭ ফুট জায়গা প্রস্থে থাকিবে। ফলে সম্মুখের রাস্তার দিকে ফেসিং-

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

করিয়া বাড়ী নির্মাণ করিতে প্রস্থে জায়গার পরিমাণ কম হইবে এবং উহাতে তাঁহার পছন্দমত ডিজাইন করা সম্ভব হইতেছে না। উক্ত প্রেক্ষিতে তিনি প্লটের পিছনের দিকে বিধি মোতাবেক ৮ফুট জায়গার পরিবর্তে ৪ফুট জায়গা ছাড়িলে তাহার পছন্দমত ডিজাইন করিতে পারেন। কিন্তু ইহাতে তিনি অন্যান্য প্লটের মালিকের চেয়ে ২৫৬ বর্গফুট জায়গা বেশী ব্যবহারের সুযোগ পাইবেন এবং তাহার প্লটের অনুরূপ প্লটসমূহের মালিকগণও এই সুযোগের জন্য আবেদন করিবেন। উল্লেখ্য যে, আবেদনকারী কর্মকর্তার প্লটটি জোয়ারসাহারা ডি ও এইচ এস এর পূর্ব প্রান্তে অবস্থিত এবং তাহার প্লটের পিছনে অন্য কোন প্লট নাই।

উপরোক্ত বক্তব্যের আলোকে ডি ও এইচ এস কর্তৃপক্ষ অনুমতি প্রদান করিলে তাঁহার আবেদন মোতাবেক নকশা অনুমোদন করা হইবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৮ঃ** বিএসএস-৯১০ মেজর গোলাম মোস্তফা খান, রমনা রেজিমেন্ট, বি এন সি সি, বিশ্ববিদ্যালয় এলাকা, ঢাকা এর ১৪-৩-৯৬ ইং তারিখের আবেদন বিবেচনা করা ও এতদ্বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি বিশদভাবে আলোচনান্তে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ডি ও এইচ এস কর্তৃপক্ষ অনুমতি প্রদান করিলে ৩১৯ নং প্লটের মালিকের আবেদন মোতাবেক তৈরীকৃত নকশা অনুমোদন করা হইবে।

**প্রস্তাব নং-১৯ঃ** জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ২৪৮ নং প্লটের মালিক ব্রিগেডিয়ার আ ল ম ফজলুর রহমান এর অনুমোদিত নকশা আংশিক পরিবর্তনের বিষয়ে ০৪-৪-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ডি ও এইচ এস জোয়ারসাহারার ২৪৮ নং প্লটের মালিক কর্তৃক পেশকৃত বাড়ীর সংশোধিত নকশাটি পরীক্ষান্তে দেখা যায় যে, তাঁহার প্রস্তাবিত নির্মাণ কাজ ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন-১৯৯৪ এর পরিপন্থি। এমতাবস্থায় প্রস্তাবিত নির্মাণ কাজের অনুমোদন দেওয়া গেল না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২০ঃ** জোয়ারসাহারা ডি ও এইচ এস এর ৪০৯ নং প্লটের মালিক এয়ার কমোডর এ টি এম আতাউর রহমান(অবঃ) এর ইমারতের পিছনে ৮'ফুট খালী জায়গার মধ্যে ৬'X৬' লিফট স্থাপনের আংশিক নকশা অনুমোদনের জন্য ৩০-৩-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ডি ও এইচ এস জোয়ারসাহারার ৪০৯ নং প্লটের মালিক কর্তৃক তাঁহার প্লটের পিছনের দিকে লিফট স্থাপনের জন্য পেশকৃত নকশাটি পরীক্ষান্তে দেখা যায় যে, তাহার প্রস্তাবিত নির্মাণ কাজ ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ আইন-১৯৯৪ এর পরিপন্থি। এমতাবস্থায় প্রস্তাবিত নির্মাণ কাজের অনুমোদন দেওয়া গেল না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২১ঃ** ঢাকা সেনানিবাসস্থিত কেন্দ্রীয় মসজিদ ও বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল নির্মাণের জন্য আর্কিটেক্ট মেসার্স গৃহায়নবিদ কর্তৃক নকশা তৈরীর বিল পরিশোধের ব্যাপারে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা সেনানিবাসস্থিত কেন্দ্রীয় মসজিদ ও বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল নির্মাণের নকশা/ডিজাইন প্রণয়নের জন্য আর্কিটেক্ট মেসার্স গৃহায়নবিদ কর্তৃক নকশা তৈরীর বিল বাবদ মূল্যানুমানের ১.৫% হিসাবে পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-২২ঃ** ঢাকা ক্যান্টনমেন্টের নিয়ন্ত্রনাধীন ডি ও এইচ এস সমূহে এবং বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত নিম্নে বর্ণিত নকশাগুলি বিল্ডিং বাই' ল' অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশাগুলি পর্ষদ সভায় সদয় অবগতির জন্য উপস্থাপন করা হইল।

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল এম লুৎফর রহমান | ৫১২ | জোয়ারসাহারা ডিওএইচএস | |
| (২) | লেঃ কর্ণেল জালাল উদ্দিন আহমদ(অবঃ) | ৪৪৬ | ,, | |
| (৩) | লেঃ কর্ণেল এম আবদুর রব (অবঃ) | ৩০৩ | ,, | |
| (৪) | ব্রিগেডিয়ার মোঃ আকবর ইউসুফ | ৪৫৭ | ,, | |
| (৫) | লেঃ কর্ণেল মোঃ নকীবুর রহমান | ২৩৯ | ,, | |
| (৬) | লেঃ কর্ণেল রাখাল চন্দ্র সাহা | ২১৯ | ,, | |
| (৭) | ব্রিগেডিয়ার ফজলুর রহমান, পিএসসি, | ২৪৮ | ,, | |
| (৮) | ব্রিগেডিয়ার খন্দকার নুরনবী | ৩৪০ | ,, | |

৭ম পৃঃ দ্রঃ

| ক্রমিক নংঃ | প্লটের মালিকের নাম | ঃ প্লট নম্বর ঃ | এলাকার নাম ঃ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৯) | লেঃ কর্ণেল এ এইচ এম দাউদ, পিএসসি, | ৩৫৮ | জোয়ারসাহারা ডিওএইচএস | |
| (১০) | মেজর মোশারফ হোসেন (অবঃ) | ১৯২ | ,, | |
| (১১) | লেঃ কর্ণেল মুসতাফা কামাল | ৩৯৬ | ,, | |
| (১২) | ব্রিগেডিয়ার সৈয়দ আহসান করিম | ২০০ | ,, | |
| (১৩) | ক্যাপ্টেন মোঃ মুসলিম উদ্দিন, বিএন, | ৫২৫ | ,, | (সংশোধিত) |
| (১৪) | লেঃ কর্ণেল আবদুস সামাদ (অবঃ) | ২১৮ | ,, | (সংশোধিত) |
| (১৫) | উইং কমান্ডার এ জে এম ফাহিম (অবঃ) | ৪৯৭ | ,, | |
| (১৬) | লেঃ কর্ণেল খন্দকার মাহবুব মোর্শেদ (অবঃ) | ৩৪৭ | ,, | (সংশোধিত) |
| (১৭) | কমান্ডার মোহাম্মদ মাহবুবুল বাশার (অবঃ) | ৫১৭ | ,, | |
| (১৮) | লেঃ কর্ণেল শেখ রায়হান আলী | ৩০৮ | ,, | |
| (১৯) | মেজর এ কে এম ফজলুল হক | ২৬০ | ,, | |
| (২০) | লেঃ কর্ণেল শামিম শাহজাহান চৌধুরী | ৩৯০ | ,, | |
| (২১) | লেঃ কর্ণেল এ এম এস মোজাম্মেল হক | ৪৪৮ | ,, | |
| (২২) | কমান্ডার মোঃ নূরুল আমিন | ৪৯৯ | ,, | |
| (২৩) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ হাবিবুর রহমান | ৪৪৯ | ,, | |
| (২৪) | কর্ণেল জে বি এম জাফর সাদেক | ৩৫৯ | ,, | |
| (২৫) | লেঃ কর্ণেল আবুল বাশার, পিএসসি, | ৩৮৯ | ,, | |
| (২৬) | লেঃ কর্ণেল এস এম মোস্তফা (অবঃ) | ৩১৬ | ,, | |
| (২৭) | লেঃ কর্ণেল এম আবদুর রব | ৩০৩ | ,, | (সংশোধিত) |
| (২৮) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ তসলীম | ৪১৩ | ,, | (সংশোধিত) |
| (২৯) | জনাব মোঃ আতাউর রহমান ও জনাব এম আবদুর রহমান | ৫০২ | মহাখালী ডিওএইচ | |
| (৩০) | লেঃ কর্ণেল মোঃ আলাউদ্দিন গাজী | বি/১৬০ | ,, | (সংশোধিত) |
| (৩১) | আলহাজ মোঃ আবুল কালাম | ২০২ | ,, | (সংশোধিত) |
| (৩২) | মিসেস জেসমিন চৌধুরী | ১৩৭ | ,, | (সংশোধিত) |
| (৩৩) | মিসেস সোনিয়া চৌধুরী | ২১৫ | ,, | (সংশোধিত) |
| (৩৪) | মিসেস তাহেরা সালাম | বি/১৫৭ | ,, | (সংশোধিত) |
| (৩৫) | মেজর জেনারেল মোখলেছুর রহমান, পিএসসি, | ৪১৬ | ,, | (সংশোধিত) |
| (৩৬) | মিসেস জেবুন্নেছা আলী | ২৭০ | ,, | (সংশোধিত) |
| (৩৭) | গ্রুপ ক্যাপ্টেন আবদুল লতিফ মল্লিক (অবঃ) | ২৮২ | ,, | |
| (৩৮) | মিসেস সুফিয়া আখতার | ২১ | ,, | (সংশোধিত) |
| (৩৯) | মেজর জেনারেল মুস্তাফিজুর রহমান | ১৪৯ | ,, | (সংশোধিত) |
| (৪০) | মিসেস ফরিদা ইসমত | ১৫৩ | ,, | (সংশোধিত) |
| (৪১) | মেজর জেনারেল আবু কায়ছার ফজুল কবির | ৩৯৩ | ,, | (সংশোধিত) |
| (৪২) | মিসেস ফরিদা আখতার খানম | বি/১০৯ | ,, | (সংশোধিত) |
| (৪৩) | জনাব সৈয়দ শফিকুল আমিন ও | ৫০০ | ,, | |
| | জনাব মোঃ হুসাইন | ৪৫০ | ,, | |
| (৪৪) | কমোডর এ কে এম আজাদ, বিএন, | ৪৯/সি, | ক্যান্ট বাজার এলাকা | (সংশোধিত) |
| (৪৫) | জনাব এন আই চৌধুরী | ১৩৭(আংশিক) | লালসরাই | |
| (৪৬) | আলহাজ্ব মোঃ মোনাব্বর আলী | ১২৮(আংশিক) | ,, | |
| (৪৭) | মিসেস সুলতানা জামান | ১০৪(আংশিক) | ,, | |
| (৪৮) | জনাব মোঃ সাইফুল ইসলাম খান | ১০৫(আংশিক) | ,, | |
| (৪৯) | মিসেস জাহানারা বেগম | | | |

৮ম পৃঃদ্রঃ

| ক্রমিক নং ঃ | প্লটের মালিকের নাম | ঃ প্লট নম্বর ঃ | এলাকার নাম ঃ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৫০) | ডাঃ মোঃ আবদুর রশিদ ও ডাঃ কোহিনুর পারভীন | ১২৩ (আংশিক) | লালাসরাই | |
| (৫১) | জনাব মোঃ মহব্বত আলী | ১৩৬ (আংশিক) | ,, | |
| (৫২) | খন্দকার মাজেদুল হোসেন | ১৩৭/১৩৮ (আংশিক | ,, | |
| (৫৩) | মিসেস হামিদা খাতুন গং | ১৪৪, ১৪৮, ১৪৯ (আংশিক) | ,, | |
| (৫৪) | জনাব মোঃ হাবিবুর রহমান | ১৫০ (আংশিক) | ,, | |
| (৫৫) | জনাব মোঃ ইসকান্দার | ১২৩ (আংশিক) | ,, | |
| (৫৬) | জনাব মোঃ সিরাজউদ্দিন | ১০৬, ১৪০ (আংশিক) | ,, | |
| (৫৭) | বাংলাদেশ টোব্যাকো কোং লিঃ | - | মহাখালী ডি ও এইচ এস | |

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাসস্থিত ডি ও এইচ এস জোয়ারসাহারা, ডি ও এইচ এস মহাখালী ও ঢাকা সেনানিবাস বর্ধিত এলাকায় সর্বমোট ৫৭ (সাতান্ন) টি বাড়ী/ভবন নির্মাণের জন্য নকশার অনুমোদন সম্পর্কে অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-২৩ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বিকল্প ১০ (দশ) বৎসর মেয়াদী বরাদ্দকৃত দোকানগুলির মেয়াদান্তে পরবর্তী ১০ বৎসরের জন্য ইজারা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে গত ২৯-৬-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৭ নং গৃহীত সিদ্ধান্ত, আইন উপদেষ্টার মতামত এবং আগামী ৩০-৬-৯৬ ইং তারিখের মধ্যে যে সকল দোকানের বরাদ্দ মেয়াদ শেষ হইয়া যাইবে সে সকল দোকানের তালিকা পেশ করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- প্রস্তাবটি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৪ঃ গত ২৯-৬-৯৫ ইং তারিখের বোর্ড সভায় "২১/ক" নং গৃহীত সিদ্ধান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের একটি সিঁড়ি কক্ষকে দোকানে রূপান্তরিত করতঃ মোঃ আরিফুল ইসলাম এর নামে বরাদ্দ প্রদানের প্রেক্ষিতে সালামী ও মাসিক ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি বিশদ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের সিঁড়ি সংলগ্ন ৪'X১২' আয়তনের জায়গাটি সালামী ব্যতিরেকে মাসিক ১৫০.০০ টাকা ভাড়ায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বৎসর ভিত্তিক ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, বোর্ডের প্রয়োজনে যে কোন সময় ইজারাদার উক্ত জায়গা ছাড়িয়া দিতে বাধ্য থাকিবে।

প্রস্তাব নং-২৫ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে এক বৎসর মেয়াদী বরাদ্দকৃত ৪টি বেকারীর জায়গা ০১-৭-৯৫ ইং হইতে এক বৎসরের জন্য নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের এক বৎসর মেয়াদে বরাদ্দকৃত চারটি বেকারীর জন্য জায়গার ইজারা ০১-৭-৯৫ হইতে ৩০-৬-৯৬ ইং তারিখ পর্যন্ত নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৬ঃ শহীদ সাত্তার মার্কেটে এক বৎসর মেয়াদী ৭টি দোকানের ভাড়ার মেয়াদ ০১-১-৯৬ ইং হইতে এক বৎসরের জন্য নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সাত্তার মার্কেটের এক বৎসর মেয়াদে ইজারাকৃত সাতটি দোকানের ইজারার মেয়াদ ০১-১-৯৬ হইতে ৩১-১২-৯৬ পর্যন্ত নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

৯ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২৭ঃ** ঢাকা সেনানিবাসের মহাখালীস্থ ইজারাকৃত বাণিজ্যিক প্লট নং-১ এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে সেনাসদরের ০৮-২-৯৬ ইং তারিখের ৩৯১৭/৫/অফিসার/এমকিউ-২ নং পত্র, স্টেশন সদর দপ্তরের ১৭-২-৯৬ ইং তারিখের ৭০৩/২/কিউ-৩ নং পত্র এবং 'সাভূসে' অধিদপ্তরের ১৯-৩-৯৬ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩-এ-২/শা-৩/১০০ নং পত্র সভায় পেশ করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মহাখালীস্থ ১ নং বাণিজ্যিক প্লটের ইজারা সংক্রান্ত বিষয়টি সভায় বিশদ আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, উক্ত প্লটটি বেগম উম্মে কুলসুমকে ১৯৬২ সনে যথারীতি প্রিমিয়ামের টাকা গ্রহণপূর্বক ৩০ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। কিন্তু ইজারা গ্রহীতাকে এখনও উক্ত প্লটে নির্মাণ কাজ করিতে দেওয়া হয় নাই এবং ইজারাও বাতিল করা হয় নাই। ফলে ইজারা গ্রহীতা উক্ত প্লটে কোন রূপ ব্যবসা বাণিজ্য করিতে পারেন নাই এবং ইহাতে ইজারা গ্রহীতার আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার দাবী বিবেচনার যোগ্য। এমতাবস্থায় সর্বসম্মতিক্রমে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ইজারা গ্রহীতা বেগম উম্মে কুলসুম সম্মত থাকিলে ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে নির্মিতব্য দোকান হইতে তাহাকে দুইটি দোকান ৩০ বছরের জন্য ইজারা প্রদান করা যাইতে পারে এবং বর্তমানে তাহার নিকট হইতে কোন প্রিমিয়াম গ্রহণ না করিয়া মহাখালীস্থ ১ নং বাণিজ্যিক প্লটের জন্য ১৯৬২ সনে জমাকৃত প্রিমিয়ামকে দোকানের প্রিমিয়াম হিসাবে গণ্য করা যাইতে পারে। বোর্ডের সিদ্ধান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হউক।

**প্রস্তাব নং-২৮ঃ** গৃহকর নির্ধারণের নিমিত্তে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা ও কচুক্ষেত এলাকার প্রতিনিধি হিসাবে কর রিভিউ কমিটিতে সদস্য নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** গৃহকর নির্ধারণের নিমিত্তে গঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর রিভিউ কমিটিতে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা ও বর্ধিত এলাকার (কচুক্ষেত আবাসিক এলাকা) প্রতিনিধি হিসাবে সদস্য নিয়োগের বিষয়টি বিবেচনান্তে অত্র বোর্ডের সম্মানিত সদস্য জনাব মোঃ আজিজ খান'কে সংশ্লিষ্ট এলাকার একজন যোগ্য ব্যক্তির নাম প্রস্তাব করার জন্য অনুরোধ করা হয়। জনাব মোঃ আজিজ খানের নিকট হইতে প্রস্তাব পাওয়ার পর বিষয়টি পরবর্তী সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য পেশ করা হইবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

**প্রস্তাব নং-২৯ঃ** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১১২ নং প্লট ও প্লটে অবস্থিত বাড়ীর মালিক মিসেস মনোয়ারা বেগমের মৃত্যুর প্রেক্ষিতে তাঁহার উত্তরাধিকারীগণের নামে রেকর্ড পরিবর্তন/নামজারী করণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামতসহ উত্তরাধিকারীগণের আবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পেশ করা গেল। বকেয়া কর পাওনা নাই।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত নামজারীর অনুমোদন দেওয়া হইল।

**প্রস্তাব নং-৩০ঃ** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৪৯ নং বাড়ীর মালিক জনাব শের আলী বাড়ীটি তাঁহার ছেলেকে ০৯-৬-৯৪ ইং তারিখে ৪ নং নোটারাইজকৃত দানপত্র মূলে হস্তান্তর করার প্রেক্ষিতে উক্ত প্লট ও প্লটে অবস্থিত বাড়ীটি জনাব আজাদ রহমানের নামে নামজারী করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামতসহ সংশ্লিষ্ট আবেদন ও কাগজপত্র পেশ করা গেল। হাল নাগাদ কর পরিশোধ আছে।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত নামজারীর অনুমোদন দেওয়া হইল।

**প্রস্তাব নং-৩১ঃ** ক্যান্ট নমেন্ট বোর্ডের প্রাপ্য গৃহকর, ভূমিকর, দোকান ভাড়া ও বাড়ী ভাড়া আদায়ের বিবরণী সদয় অবগতির নিমিত্তে পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান অর্থ বছরের এবং বকেয়া গৃহকর, ভূমিকর, দোকান ভাড়া ও বাড়ী ভাড়া আদায়ের বিবরণী অবহিত হওয়া গেল। বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্টের বর্ধিত এলাকার গৃহকর আদায়ের পরিমাণ অতি অল্প এবং বিপুল পরিমাণ গৃহকর বকেয়া রহিয়াছে। এমতাবস্থায় বর্ধিত এলাকার (কচুক্ষেত আবাসিক এলাকা) বকেয়া গৃহকর আদায়ের ব্যাপারে আইনানুগ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। ইহাছাড়া অন্যান্য এলাকার বকেয়া আদায়ে অধিক তৎপর হওয়ার জন্য পরামর্শ দেওয়া হইল।

১০ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৩২ঃ** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৩ নং বাড়ীর নামজারী করণের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত নামজারীর অনুমোদন দেওয়া হইল।

**প্রস্তাব নং-৩৩ঃ** শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্যান্টিনটি ইজারা প্রদানের ব্যাপারে নাঃ ক্লার্ক মোস্তাফিজুর রহমানের ২৪-৩-৯৬ ইং তারিখের আবেদন পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি বিস্তারিত আলোচনার পর বিধি মোতাবেক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নতুন করিয়া ইজারা প্রদানের পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৪ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকায় অবস্থিত সি এস ডি ভবনের ভাড়া নির্ধারণের নিমিত্তে সেনাসদর, কিউ এম জি'র শাখা(কর্ড), ঢাকা সেনানিবাস এর ০৩-৪-৯৬ ইং তারিখের ৩৯০৬/আর/ডিও এইচ এস/২৫/কিউএমজি নং পত্র উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি বিস্তারিত আলোচনার পর সি এস ডি ভবনের মাসিক ভাড়া একহাজার টাকা নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৫ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার পূর্ব দিকের রেল লাইন বরাবর একটি নিরাপত্তা দেওয়াল নির্মাণের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত প্রকল্পের সংশোধিত নকশা ও ১৬,৬২,২৩৫·০০ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৩৬ঃ** সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ে ফেসিলিটি সংস্থা কর্তৃক তিনটি শ্রেণী কক্ষ নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত প্রকল্পের সাইট নির্ধারণপূর্বক প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদারকে অবহিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হ।

১৭/৪/৯৬
( মোঃ আব্দুল হক )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

১৭/৪/৯৬
( কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিন )
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।